

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ জুন '২০২৩খ্রি.

### বঙ্গবন্ধুর ছয় দফার সাথে জড়িয়ে আছে চট্টগ্রামের নাম: মেয়র

জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের ঘোষিত ছয় দফা দাবির সাথে চট্টগ্রামের নাম জড়িয়ে আছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।  
বুধবার নগরীর লালদীঘিষ্ট ছয় দফা মঞ্চে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান চট্টগ্রাম সিটি মেয়র এবং কাউন্সিলরবৃন্দ। এসময় মেয়র বলেন, বঙ্গবন্ধু তৎকালীন রাজনৈতিক পরিস্থিতি এবং চট্টগ্রামের জনগণের বীরত্বের ইতিহাসকে মাথায় রেখে চট্টগ্রামে প্রথম প্রকাশ্য জনসভার মাধ্যমে ছয় দফা তুলে ধরেন। স্কুলছাত্র থাকা অবস্থায় আমরা সরাসরি বঙ্গবন্ধুর সে ঘোষণা শোনার সুযোগ হয়েছিল। এই ছয় দফা ঘোষণার পর চট্টগ্রামসহ সারা দেশের সচেতন মানুষরা বুঝতে পারে আমাদের স্বাধীনতার লড়াই সল্লিকটে। দূর্ভাগ্যজনক হলেও সত্যি আজকে ছয় দফাসহ মুক্তিযুদ্ধে চট্টগ্রামের ব্যাপক অবদানের ইতিহাস অনেকটাই মুছে গেছে। তবে, বাংলাদেশের স্বাধীনতার সাথে ছয় দফার কারণে চট্টগ্রামের নাম সব সময় শ্রদ্ধার সাথে স্মরণ করা হবে।  
এসময় আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর জহর লাল হাজারী, হাসান মুরাদ বিপ্লব, গোলাম মোঃ জোবায়ের, মোঃ আবদুস সালাম, এম আশরাফুল আলম, নূর মোস্তফা টিনু, মহানগর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আজিজুর রহমান আজিজ, সাংগঠনিক সম্পাদক দেবশীষ আচার্য্য, প্রচার সম্পাদক তোসাদ্দেক নূর তপু, নগর স্বেচ্ছাসেবক লীগ নেতা মোঃ জাহেদ, সাহাবুদ্দীন সাবু, সোরোয়াদী এলিন, রুমেল বড়ুয়া রাহুল, মো আসিফ, আনিসুজ্জামান, বাবলু দাস, মহিউদ্দীন জুয়েল, নন্দিতা দাস গুপ্ত, জয়া চৌধুরী, মো তৈয়ব তাহের, অংকুর পালিত, তমাল বড়ুয়া, জয়পাল তপু, তানজিদ বাবু

### আপদকালীন পরিকল্পনা তুলে ধরলেন চসিক মেয়র

দুর্যোগে চট্টগ্রামের ক্ষয়ক্ষতির পরিমাণ কমাতে আপদকালীন পরিকল্পনা 'মাল্টি হাজার্ড কন্সিডেজেন্সি প্লান' তুলে ধরেছেন চট্টগ্রাম সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী। পরিকল্পনাটি প্রণয়নে সহযোগিতা করেছে উন্নয়ন সংস্থা ইপসা ও সেভ দ্য চিলড্রেন।  
এ উপলক্ষে বুধবার আন্দরকিল্লাস্ট চসিক ভবনে কে বি আব্দুস সাত্তার মিলনায়তনে আয়োজিত এক সভায় মেয়র বলেন, আজকের চট্টগ্রাম একসময় প্রচুর জলাশয়ে ভরপুর ছিলো, কিন্তু নতুন কৌশল হিসেবে একশ্রেণীর লোক প্রথমে পুকুরে আবর্জনা ভরাট করছে, পরে বহুতল ভবন নির্মাণ করছে। একইভাবে পাহাড় বেষ্টিত চট্টগ্রামে একশ্রেণির প্রভাবশালী রাতের অন্ধকারে পাহাড় কেটে বসতবাড়ি করছে। সংশ্লিষ্ট সকল ডিপার্টমেন্টকে এ-ব্যাপারে কঠোর ভূমিকা রাখতে হবে।  
চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম এর পরিচালনায় সভার শুরুতে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ইপসা (প্রয়াস-২) প্রকল্প সমন্বয়কারী সানজিদা আক্তার। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর জন্য প্রণীত মাল্টি হাজার্ড কন্সিডেজেন্সি প্লান এর উপর প্রেজেন্টেশন উপস্থাপন করেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক মো. শাহজালাল মিশুক। প্রেজেন্টেশন শেষে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন চসিক প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, চসিকের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মো. জহুরুল আলম জসিমসহ চট্টগ্রাম সিটি কাউন্সিলরবৃন্দসহ সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ।  
আলোচকবৃন্দ মাল্টি হাজার্ড কন্সিডেজেন্সি প্লান কে একটি যুগান্তকারী দলিল হিসেবে আখ্যায়িত করে এটি বাস্তবায়নে যথাযথ উদ্যোগ এবং আর্থিক সংস্থান খুবই জরুরী বলে উল্লেখ করেন। পাশাপাশি ওয়ার্ড কাউন্সিলর সহ আরবান কমিউনিটি ভলান্টিয়ার দুর্যোগ মোকাবিলায় মৌলিক প্রশিক্ষণের আওতায় এনে আরো বেশি উদ্যোগি করে তোলার ব্যাপারে মতামত ব্যক্ত করেন। উল্লেখ্য যে ইপসা এবং সেভ দ্য চিলড্রেন (প্রয়াস-২) প্রকল্পের আওতায় কনসালটেন্সি প্লান এচঅউ এর সহযোগিতায় ২০১৯ সাল থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর সাথে কয়েকদফা মিটিং এবং ওয়ার্ড পর্যায়ে পরিভ্রমণ, কে আই আই, এফজিডি এবং পরবর্তীতে কয়েকদফা বিশেষজ্ঞ পর্যায়ে মতামত গ্রহণের মাধ্যমে এবং পরবর্তী চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর অনুমোদন সাপেক্ষে এটি চূড়ান্তভাবে প্রণীত হয়।  
আপদকালীন পরিকল্পনায় চট্টগ্রামের নানাবিধ দুর্যোগের উৎস বর্ণনা এবং দুর্যোগ মোকাবিলায় সার্বিক প্রস্তুতি গ্রহণের বিষয়গুলো বিশদভাবে তুলে ধরা হয়।

### চট্টগ্রামের উন্নয়নে একসাথে কাজ করবে চসিক ও জাইকা

জলবায়ু পরিবর্তন আর দ্রুতপ্রসারের চ্যালেঞ্জের মুখে থাকা চট্টগ্রামের উন্নয়নে একসাথে কাজ করবে চসিক ও জাইকা। বুধবার জাইকার চীফ রিপ্রেজেন্টেটিভ ইচিগুচি তোমোহিদে চট্টগ্রাম সিটি মেয়র রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাতে এ বিষয়ে

বিস্তারিত আলোচনা করেন। এসময় উপস্থিত ছিলেন চসিক চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮